# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৪৮

১০/ কাফন-দাফন (كتاب الجنائز عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কবরে মৃত ব্যক্তির নীচে একটি কাপড় বিছিয়ে দেওয়া।

باب مَا جَاءَ فِي الثَّوْبِ الْوَاحِدِ يُلْقَى تَحْتَ الْمَيِّتِ فِي الْقَبْرِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ شُعْبَةَ، عَنْ أَبِي حَمْزَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ جُعِلَ فِي قَبْرِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَطِيفَةٌ حَمْرَاءُ .
قَالَ وَقَالَ مُحَمَّدُ بْنُ بَشَّارٍ فِي مَوْضِعٍ آخَرَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، وَيَحْيَى، عَنْ شُعْبَةَ، عَنْ أَبِي جَمْرَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، . وَهَذَا أَصَحُّ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ . وَقَدْ رَوَى شُعْبَةُ، عَنْ أَبِي حَمْزَةَ الْقَصَّابِ، وَاسْمُهُ، عِمْرَانُ بْنُ أَبِي عَطَاءٍ وَرُوِيَ عَنْ أَبِي جَمْرَةَ الضُّبَعِيِّ، وَاسْمُهُ، نَصْرُ بْنُ عِمْرَانَ وَكِلاَهُمَا مِنْ أَصْحَابِ ابْنِ عَبَّاسٍ . وَقَدْ رُوِيَ عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّهُ كَرِهَ أَنْ يُلْقَى، تَحْتَ الْمَيِّتِ فِي الْقَبْرِ شَيْءٌ . وَإِلَى هَذَا ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ .

বাংলা

১০৪৮. মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) ...... ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কবরে একটি লাল চাঁদর রাখা হয়েছিল। - মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৪৮ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, হাদীসটি হাসান-সহীহ। শু’বা (রহঃ) এটিকে আবূ হামযা আল- কাসসাব (রহঃ) থেকে রিওয়ায়ত করেছেন। তাঁর নাম হলো ইমরান ইবনু আবী আতা। আবূ জামরা আয-যুবাঈ (রহঃ) থেকেও অনুরূপ বর্ণিত আছে। তাঁর নাম হলো নাসর ইবনু ইমরান। এরা উভয়েই ইবনু আব্বাস (রা এর শাগরিদ। ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি মায়্যিতের নীচে কোন কিছু রাখা পছন্দ করতেন না। কোন কোন আলিম এই হাদীছের মর্মানুসারে আমল করেছেন। মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) অন্যস্থলে মুহাম্মাদ ইবনু জা’ফর ও ইয়াহইয়া-শু’বা-আবূ জামরা ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু সূত্রে হাদীসটি বর্ণনা করেছেন। এটি অধিকতর সহীহ।

## English

Ibn Abbas narrated:
"A red velvet cloth was placed in the grave of the Prophet."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18237

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন